DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Sep 2026, 03:57 PM

সারাদেশ

# প্রেসক্লাবের সামনে খুচরা সার বিক্রেতা অ্যাসোসিয়েশনের অবস্থান কর্মসূচি

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক:
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ঢাকা প্রোব

বিভিন্ন দাবি-দাওয়া আদায়ের লক্ষ্যে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছে খুচরা সার বিক্রেতা অ্যাসোসিয়েশন।

সোমবার (১৭ আগস্ট) সংগঠনটির নেতাকর্মীরা এ কর্মসূচি পালন করেন।

অবস্থান কর্মসূচিতে সংগঠনের নেতারা তাদের বিভিন্ন দাবি তুলে ধরেন। তারা বলেন, দীর্ঘদিন ধরে খুচরা সার বিক্রেতারা ব্যবসা পরিচালনার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতার মুখোমুখি হচ্ছেন। এসব সমস্যা সমাধানে সরকারের দ্রুত হস্তক্ষেপ প্রয়োজন।

বক্তারা বলেন, কৃষকের কাছে সময়মতো ও ন্যায্যমূল্যে সার পৌঁছে দিতে খুচরা সার বিক্রেতারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কিন্তু ব্যবসা

পরিচালনার ক্ষেত্রে নানা জটিলতা ও অনিশ্চয়তার কারণে তারা ক্ষতির মুখে পড়ছেন। এর প্রভাব সার সরবরাহ ব্যবস্থার ওপরও পড়তে পারে বলে আশঙ্কা তাদের।

অবস্থান কর্মসূচি থেকে সংগঠনের নেতারা তাদের যৌক্তিক দাবিগুলো দ্রুত বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

তারা বলেন, দাবিগুলো দ্রুত বাস্তবায়নে কার্যকর উদ্যোগ নেওয়া না হলে পরবর্তী সময়ে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হতে পারে।

কর্মসূচিতে খুচরা সার বিক্রেতা অ্যাসোসিয়েশনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও সদস্যরা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর




**নীলফামারীতে অধিযাচনকৃত ট্রাকে পরিত্যক্ত কারাগারের সরকারি মালামাল পাচারের চেষ্টা**
নীলফামারী শহরের পরিত্যক্ত পুরাতন কারাগারের ইট, লোহা ও কাঠসহ মূল্যবান সরকারি সম্পদ চুরির অভিযোগ নিয়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সরকারী কোনোপ্রকার...



**সাতক্ষীরায় পুকুরে ডুবে ২ শিশুর মর্মান্তিক মৃত্যু**
সাতক্ষীরায় পুকুরে গোসল করতে গিয়ে পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে সাতক্ষীরা পৌর শহরের বাটকেখালি এলাকায় গফুর...



### ফোন না ধরায় টিকিট কাউন্টারে গিয়ে মারধরের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে

ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে স্টেশনে তিতাস কমিউটার ট্রেনের টিকিট কাউন্টারে ঢুকে কর্মীদের মারধরের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে।মঙ্গলবার বেলা...



### ৩ হাজার বাতির পৌরসভায় দেড় হাজারই নষ্ট, অন্ধকারে নরসিংদীর ঘোড়াশাল

শিল্পাঞ্চল হিসেবে পরিচিত নরসিংদীর ঘোড়াশাল পৌর এলাকায় সন্ধ্যা নামলেই নেমে আসে অন্ধকার। দীর্ঘদিন ধরে অধিকাংশ সড়কবাতি নষ্ট হয়ে থাকায় প্রধান সড়ক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/presklaber-samne-khuchra-sar-bikreta-ojasosiyeshner-obsthan-krmsuchi